দৈনিক ইত্তেফাক
তারিখ 11 FEB 1992
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে গণটোকাটুকি

ইত্তেফাক রিপোর্ট ।। বেসরকারী শিক্ষক ধর্মঘট অব্যাহত থাকিলেও বিকল্প পন্থায় গতকাল (সোমবার) ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২টি কলেজ কেন্দ্রে ডিগ্রী (পাস) পরীক্ষা শুরু হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক জানান যে, নগরীর ১৯টি কেন্দ্রে সম্পূর্ণ শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে এবং নকলের অভিযোগে কোন পরীক্ষার্থীকে বহিষ্কার করার খবর তাঁহার জানা নাই। পরীক্ষা চলাকালে গতকাল পুরাতন ঢাকার ৩টি কলেজ এবং নূতন ঢাকার ২টি কলেজে গমন করিয়া দেখা গিয়াছে যে, একেবারে ফ্রিষ্টাইল কায়দায় গণটোকাটুকিতে পরীক্ষার্থীরা পরীক্ষা দিয়াছে। পরীক্ষা কক্ষে সীট নম্বরও যথাযথভাবে সাঁটানো হয় নাই। এক টেবিলে যেখানে মাত্র ২ জন করিয়া পরীক্ষা দেওয়ার কথা, সেখানে ৪/৫ জনকে গাদাগাদি করিয়া বসিয়া পরস্পর আলাপ–আলোচনার মাধ্যমে কোলের কাছে বই রাখিয়া 'শান্তিপূর্ণভাবে' পরীক্ষা দিতে দেখা গিয়াছে। পরীক্ষার তদারকিতে ছিলেন জেলা প্রশাসন (১১শ পৃঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষা

( ১ম পৃঃ পর )

এবং শিক্ষা বিভাগের সরকারী কর্মচারীরা। পরীক্ষা হলের বাহিরে পুলিশ প্রহরা ছিল। তবে অধিকাংশ ক্ষেত্রে নিয়ন্ত্রণ ছিল না। বেশ কয়েকটি পরীক্ষা হলে পরিদর্শকরাও ভিতরের প্রহরায় ছিলেন না। তাহারা দরজার কাছে কিংবা বারান্দায় হাঁটাহাঁটি করিয়াছেন। তবে ছবি তোলার সময় পরিদর্শকরা ভিতরে আসিয়াছেন। পরীক্ষার্থীরা নিজেদের খুশীমত এক সীট ছাড়িয়া আরেক সীটে কাছাকাছি বসিয়া পরীক্ষা দিলেও পরিদর্শকরা কোন আপত্তি করেন নাই রাজধানী বাহির হইতে নকলের অভিযোগে বহিষ্কারের খবর পাওয়া গিয়াছে।

ফরিদপুর সংবাদদাতার ফোন, গতকাল রবিবার ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে ২১ জন ছাত্রকে নকলের দায়ে বহিষ্কার করা হয়। বেসরকারী শিক্ষকরা তাহাদের দাবীর সমর্থনে একটি বিক্ষোভ মিছিল বাহির করে এবং জেলা প্রশাসকের অফিসের সামনে অবস্থান ধর্মঘট করে।

মুন্সিগঞ্জ সংবাদদাতা : দুইটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ৫ জন ছাত্র বহিষ্কৃত হয়। পিরোজপুর সংবাদদাতা : কাউখালীতে ১৯ জন ও ভাণ্ডারিয়ায় ১৭ জনকে বহিষ্কার করা হয়। ঝালকাঠির ৩টি কেন্দ্র হইতে ১৮ জনকে বহিষ্কার করা হয়। কুমিল্লা সংবাদদাতা : বেসরকারী শিক্ষক ও কর্মচারীবৃন্দ বিক্ষোভ মিছিল ও জেলা প্রশাসকের অফিসের সামনে সমাবেশের আয়োজন করে। জেলার ১৩টি কলেজে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। পাবনাতেও বেসরকারী শিক্ষকবৃন্দরা তাহাদের দাবীর সমর্থনে মিছিল বাহির করে এবং জেলা প্রশাসকের অফিসের সামনে অবস্থান ধর্মঘট করে।

শেরপুর সংবাদদাতার ফোন : ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে শেরপুর সরকারী কলেজ কেন্দ্র হইতে ২ জন এবং শ্রীবর্দী সরকারী কলেজ হইতে ১ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হইয়াছে। উভয় কেন্দ্রে পরীক্ষার্থীর মোট সংখ্যা ৫৯১ জন।

সৈয়দপুর : ৩টি কেন্দ্র হইতে ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয় তন্মধ্যে দারুড্ডা পূর্ব মাদারীপুর কলেজ কেন্দ্র হইতে ২ জন, ভেদরগঞ্জ এম,এ রেজা কলেজ কেন্দ্র হইতে ২ জন এবং নড়িয়া সরকারী কলেজ কেন্দ্র হইতে একজন।

ফেনী : ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের অভিযোগে ফেনী কেন্দ্র হইতে ৪৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

মীর্জাগঞ্জ : সুবিদখালী ডিগ্রী কলেজ কেন্দ্র হইতে একজন ছাত্রকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়। উপজেলা প্রশাসন সকালে এই কেন্দ্রের সকল কক্ষ ও অফিস রুমের তালা ভাঙ্গিয়া পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা করে।

নেত্রকোনা : নেত্রকোনা জেলায় নকল করার অভিযোগে ৪টি কেন্দ্র হইতে মোট ১৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ইহার মধ্যে নেত্রকোনা সরকারী কলেজ কেন্দ্র হইতে ২ জন, নেত্রকোনা সরকারী মহিলা কলেজ কেন্দ্র হইতে ১জন, দুর্গাপুর কলেজ কেন্দ্র হইতে ৮জন এবং মোহনগঞ্জ কলেজ কেন্দ্র হইতে ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। জেলা প্রশাসন পরীক্ষায় নকল বন্ধের ব্যাপারে কঠোর ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

মাদারীপুর : সরকারী নাজিমউদ্দিন কলেজ কেন্দ্র হইতে ৭জন পরীক্ষার্থীকে বহিষ্কৃত।

মানিকগঞ্জ : সরকারী দেবেন্দ্র কলেজ কেন্দ্র হইতে দুইজন পরীক্ষার্থী বহিষ্কৃত।

গাজীপুর : ৭টি কেন্দ্রে হইতে ১৮ জন বহিস্কৃত।

ময়মনসিংহ : ৯টি কেন্দ্রে ১৯ জন বহিষ্কৃত।

বরিশাল অফিস ।। জেলার ১১টি ডিগ্রী পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে গতকাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৪টি বেসরকারী কলেজের পরীক্ষা ইউ, এন, ও-দের তত্ত্বাবধানে উপজেলা প্রশাসনের কর্মকর্তাদের মাধ্যমে অনুষ্ঠিত হইয়াছে। জেলায় ১৫ জন বহিষ্কার হয়। বি,এম, কলেজ কেন্দ্রে ও গৌরনদী কলেজে তিনজন করিয়া, কলসকাঠি কলেজে ৬ জন, বাকেরগঞ্জে ২ জন ও চাখার কলেজ কেন্দ্রে ১ জন বহিষ্কার হয়। ভোলা সংবাদদাতা জানান, চরফ্যাশন বেসরকারী কলেজ কেন্দ্রে ঐ কলেজের শিক্ষকেরা পরীক্ষার দায়িত্ব পালন করেন। জেলায় মোট তিনটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বরগুনা সংবাদদাতা ।। আমতলীতে ১০ জন, বেতাগীতে ১২ জন ও বরগুনায় ১ জন বহিষ্কার হয়। ভাণ্ডারিয়া সরকারী কলেজে ১৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

চাঁদপুর : ৪টি কেন্দ্র হইতে ১৩ জন বহিষ্কৃত। হাজীগঞ্জে ৩ জন, চাঁদপুরে ৩ জন, কচুয়ায় ৬ জন ও মতলব কেন্দ্র হইতে একজন।

দাউদকান্দি : গৌরীপুর কলেজ কেন্দ্রে ৪ জন এবং হাসানপুর কলেজ কেন্দ্রে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

হাসানপুর কলেজ কেন্দ্রে হারুন-অর রশীদ নামক জনৈক পরীক্ষার্থীকে পরিদর্শকের সাথে দুর্ব্যবহার করার কারণে গ্রেফতার করা হইয়াছে।

রাঙ্গুনিয়া : রাঙ্গুনিয়া কলেজ কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা সমাপ্তির পর কতিপয় উত্তেজিত পরীক্ষার্থী কলেজের অধ্যক্ষের কক্ষ তছনছ এবং কয়েকটি হলের দরজা-জানালা ভাংচুর করিয়াছে, তাহারা কলেজ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে বোমাবাজি ও পুলিশের বাধার মুখে ইট-পাটকেল নিক্ষেপ করিয়াছে। উত্তেজিত পরীক্ষার্থীরা পরীক্ষায় নকলে বাধার কারণে ভাল উত্তর দিতে না পারার প্রতিবাদ নকলের কারণে কতিপয় পরীক্ষার্থীর, ক্রমিক নম্বর পরিদর্শক কর্তৃক টুকাইয়া নেওয়া ইত্যাদি প্রতিকূল অবস্থার প্রতিবাদ এবং উক্ত বিষয়ের পুনরায় পরীক্ষা অনুষ্ঠানের দাবীতে শ্লোগানসহকারে উপরোক্ত ঘটনা করে।

গোপালগঞ্জ সংবাদদাতার টেলিফোন : ডিগ্রী পরীক্ষার প্রথমদিনে গোপালগঞ্জ বঙ্গবন্ধু সরকারী কলেজ কেন্দ্রে ১৪জন এবং রামদিয়া এস কে কলেজ কেন্দ্রে ৫ জন মোট ১৯ জনকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হইয়াছে।

চৌমুহনী সংবাদদাতার টেলিফোন : চৌমুহনী কেন্দ্রে ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ১৬ জনকে বহিষ্কার করা হয়।

ব্রাহ্মণবাড়িয়া : ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

সিলেট অফিস ।। সিলেটে ডিগ্রী পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১ জন বহিষ্কার ও একটি অপ্রীতিকর ঘটনায় ৬ জন ছাত্র গ্রেফতার এবং জেলা প্রশাসকের জীপসহ ৩টি গাড়ী ভাংচুর হয়।

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম, আখতারুজ্জামান, সাধারন সম্পাদক অধ্যাপক শফিউল আলম এক যুক্ত বিবৃতিতে বলিয়াছেন, শিক্ষকদের ন্যায্য দাবীকে পাশ কাটাইয়া সরকার যেইভাবে ডিগ্রী পরীক্ষাকে গ্রহণ করাইতেছে ইহাতে পরীক্ষা প্রহসনে পরিণত করা হইয়াছে।